গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশের লক্ষ্যে গঠিত কমিটির ২য় সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব ও আহ্বায়ক, বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি |
| সভার তারিখ | ১৩ সেপ্টেম্বর ২০২১ |
| সভার সময় | বেলা ০২.০০টা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিবছরের ন্যায় এবারও বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে হবে। এবারের বার্ষিক প্রতিবেদনে ২০২০-২০২১ অর্থবছরে অর্জিত সাফল্য এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের মেয়াদকালে এ বিভাগের আওতায় প্রণীত আইন ও বিধি এবং বিভিন্ন সেক্টরে গৃহীত নীতি-কৌশলের কারণে দেশের কাঠামোগত পরিবর্তন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, দারিদ্র্য বিমোচনসহ গণমানুষের জীবনমান ও সামাজিক ক্ষেত্রে সাধিত উন্নয়ন সংক্রান্ত বিষয়বস্তুর প্রেক্ষিতে তাঁর দপ্তর সংশ্লিষ্ট তথ্যাদি সন্নিবেশনের নিমিত্ত আন্তরিকভাবে কাজ করার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান।

সভাপতি, সভার আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য জনাব মোঃ আবদুল কাদির, উপসচিব (প্রশাসন-৩) ও সদস্য সচিব, ‘বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশনা কমিটি’-কে অনুরোধ করেন।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ হতে প্রাপ্ত খসড়া বার্ষিক প্রতিবেদন কম্পিউটার স্ক্রিনে উপস্থাপন করেন। সদস্য সচিব সভাকে জানান, অক্টোবর, ২০২১ এর মধ্যে ২০২০-২১ অর্থবছরের প্রতিবেদন বই আকারে প্রকাশ করতে হবে। এ জন্য নির্ধারিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসারে প্রতিবেদন প্রণয়ন কার্যক্রম সম্পন্ন করা জরুরি। অন্যথায় নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রকাশ করা সম্ভব হবে না। ফলশ্রুতিতে এর জন্য নির্ধারিত নম্বর অর্জিত হবে না।

তিনি সভাকে জানান, মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বাণী, কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মচারীদের ছবিসম্বলিত জীবন বৃত্তান্ত, এপিএ, এনআইএস, জিআরএস, তথ্য অধিকার সম্বলিত তথ্যাদি, আইপোয়া, এসডিজি, এ বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক উল্লেখযোগ্য কার্যাবলি সম্পর্কিত সচিত্র প্রতিবেদন, মুজিববর্ষ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সম্পর্কিত সচিত্র প্রতিবেদন, এ সরকারের আমলে (২০০৯ থেকে জুন, ২০২১ পর্যন্ত) তুলনামূলক সচিত্র প্রতিবেদন(প্রযোজ্য ক্ষেত্রে), অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয়ের ক্যাপশনসহ ছবি এখনো পাওয়া যায়নি। এ ছাড়া অধিদপ্তর থেকে পাওয়া প্রতিবেদন অংশের কোন কোন জায়গায় বানান ও ভাষাগত ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়েছে, যা দ্রুত সংশোধন করা প্রয়োজন মর্মে সভাকে জানানো হয়। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|

| | | |
|---|---|---|
| ১. | সভার আলোচনা অনুযায়ী এ বিভাগের দপ্তর/সংস্থা তার সংশ্লিষ্ট প্রতিবেদন অংশ সংশোধনপূর্বক ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে নিকস ফন্টে সফট কপি প্রশাসন-৩ শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করবে। | সকল অধিদপ্তর-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা/(উপসচিব ও সদস্য সচিব, প্রশাসন-৩ শাখা। |
| ২. | আগামী ১৫ সেপ্টেম্বর ২০২১ এর মধ্যে মন্ত্রী মহোদয়ের বাণী প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৩. | খসড়া প্রতিবেদনের বানান ও ভাষাগত ত্রুটি-বিচ্যুতি দ্রুত নিরসন করে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | সকল অধিদপ্তর-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৪. | কোভিড-১৯-এ আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মচারীদের ছবিসম্বলিত জীবন বৃত্তান্ত, এপিএ, এনআইএস, জিআরএস, তথ্য অধিকার সম্বলিত তথ্যাদি, আইপোয়া, এসডিজি, এ বিভাগ ও অধীন অধিদপ্তর কর্তৃক উল্লেখযোগ্য কার্যাবলি সম্পর্কিত সচিত্র প্রতিবেদন, মুজিববর্ষ, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সম্পর্কিত সচিত্র প্রতিবেদন, এ সরকারের আমলে (২০০৯ থেকে জুন, ২০২১ পর্যন্ত) তুলনামূলক সচিত্র প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে), অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয়ের ক্যাপশনসহ ছবি আগামী ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা। |
| ৫ | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় নির্মাণ ও প্রশিক্ষণ ভবন নির্মাণ করার জন্য প্রাপ্ত জায়গা বিষয়ক সর্বশেষ অগ্রগতি প্রতিবেদন সচিত্র খসড়া প্রতিবেদন প্রশাসন-৩ শাখাকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৬ | অধিদপ্তরসমূহ হতে প্রাপ্ত খসড়া বার্ষিক প্রতিবেদন এ বিভাগের সংশ্লিষ্ট অধিদপ্তর এর কার্যক্রমের সাথে সম্পৃক্ত শাখা কর্মকর্তা কর্তৃক পরীক্ষা-নীরিক্ষা/যাচাই-বাছাইপূর্বক দ্রুততম সময়ের মধ্যে সদস্য সচিব ও উপসচিব (প্রশাসন-৩) বরাবর প্রেরণ করতে হবে। | অধিদপ্তর প্রধান সকল/১. জনাব জাহিদুল ইসলাম, উপসচিব (অগ্নি-১ ও ২), ২. জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন,উপসচিব (মাদক-১), ৩. মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব (কারা-২) ৪.জনাব নাসরিন জাহান (বহি-৪), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৭. | প্রতিবেদনে কার্যক্রম অনুযায়ী ক্যাপশনসহ ছবি ও ছবির উপরে বর্ণনা দিতে হবে। | সকল অধিদপ্তর-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মল্লিক সাঈদ মাহবুব
যুগ্মসচিব ও আহ্বায়ক, বার্ষিক প্রতিবেদন
প্রণয়ন ও প্রকাশনা কমিটি

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.১৬.০০১.২১.২১৫

তারিখ: ৩০ ভাদ্র ১৪২৮

১৪ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব মোঃ হাবিবুর রহমান, যুগ্মসচিব পরিচালক (প্রশাসন ও অর্থ)-এর দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর

২) জনাব মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন, উপসচিব, মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৩) জনাব নাসরিন জাহান, উপসচিব, বহিরাগমন-৪ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৪) জনাব জাহিদুল ইসলাম, উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৫) জনাব মোহাম্মদ মাসুদুর রহমান ভূইয়া, উপসচিব, শৃঙ্খলা অধিশাখা, সুরক্ষা সেবা বিভাগ

৬) জনাব মোহাম্মদ আবু সাঈদ মোল্লা, উপসচিব, কারা-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৭) জনাব মোঃ আবুল কালাম তালুকদার, উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৮) জনাব মোঃ আইয়ূব হোসেন, প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

৯) জনাব মোহাম্মদ মামুন, উপপরিচালক, প্রশাসন, হিসাব ও অর্থ অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্ত

১০) জনাব মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, প্রশাসন অধিশাখা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর

১১) জনাব মোছাঃ কাওয়ালিন নাহার, সহকারী কারা মহাপরিদর্শক (প্রশিক্ষণ ও ক্রীড়া), কারা অধিদপ্তর

মোঃ আবদুল কাদির
উপসচিব ও সদস্য সচিব, বার্ষিক প্রতিবেদন
প্রণয়ন ও প্রকাশনা কমিটি